

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৯

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

باب الاعتصام بالكتاب والسنة \_ الفصل الثالث

#### আরবী

وَعَن إِبْرَاهِيم بن ميسرَة قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ وَقَرَ صَاحِبَ بِدْعَةٍ فَقَدْ أَعَانَ عَلَى هَدْمِ الْإِسْلَامِ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي شُعَبِ الايمان مُرْسلا

### বাংলা

১৮৯-[৫০] ইব্রাহীম ইবনু মায়সারাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোন বিদ্'আতীকে সম্মান দেখালো, সে নিশ্চয়ই ইসলামের ধ্বংস সাধনে সাহায্য করল। (বায়হাকী তাঁর শু'আবুল ঈমান-এ মুরসালরূপে বর্ণনা করেছেন)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: বায়হাক্কী ৯৪৬৪, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ১৮৬২। এর সানাদে হাসান বিন ইয়াহ্ইয়া নামে একজন মাতরুক রাবী রয়েছে যিনি অনেক বানোয়াট হাদীস বর্ণনা করেছেন।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: কোন বিদ্'আতীকে সম্মান করা ইসলাম ধ্বংস করার শামিল। কারণ একজন বিদ্'আতী সুন্নাতের বিরোধ, আর কোন বিরোধীকে সাহায্য করা ঐ বস্তুকে ধ্বংস করার ব্যাপারে সহযোগিতা করারই নামান্তর। অতএব, যখন কোন ব্যক্তি বিদ্'আতীকে সম্মান করবে সে তখন সুন্নাতকে অবমূল্যায়ন করবে। আর সুন্নাতকে অবমূল্যায়ন করলে তা হবে মূলত ইসলামের অবমূল্যায়ন তথা ইসলামের বুনিয়াদকে ধ্বংস করা। বিদ্'আতীকে সম্মানকারীর অবস্থা যদি এই হয় তাহলে বিদ্'আতীর অবস্থা কি হতো?

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন